

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন

৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.brdb.gov.bd

বিষয়ঃ ২২ এপ্রিল/২০১৯ খ্রি: অনুষ্ঠিত বিআরডিবি'র ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ হাসানুল ইসলাম এনডিসি
পরিচালক (প্রশাসন)


সভার তারিখ : ২২ এপ্রিল/২০১৯ খ্রি:
সভার সময় : সকাল ০৩.০০ ঘটিকা
স্থান : সভাপতি মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দৃষ্টব্য।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ২০১৮-২০১৯ অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনে তিনি সকলের নিকট গঠনমূলক পরামর্শ প্রত্যাশা করেন। সে মোতাবেক আলোচনান্তে নিয়োক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন ;	<ul style="list-style-type: none">২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন সংক্রান্ত চাহিত প্রতিবেদন মোতাবেক বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।যেসকল বিষয়ে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি তা দ্রুত অর্জনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরিত অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন অগ্রগতি প্রতিবেদনে যে লক্ষ্যমাত্রাসমূহ অর্জিত হয়নি সেগুলো দ্রুততম সময়ে অর্জনের ব্যবস্থা নিতে হবে।	ইনোভেশন টিম
০২	ই-ফাইলিং কার্যক্রম অগ্রগতি;	<p>ক) ই-ফাইলিং এবং ই-ফাইলিং পত্র জারি ১০০% এ উন্নীত করার লক্ষ্যে নিয়মিত ফলোআপ এর অংশ হিসেবে স্মারক-৯৩, তারিখ: ১৮ এপ্রিল/২০১৯ খ্রি: ই-ফাইলে পত্র জারি করা হয়।</p> <p>খ) বিআরডিবি'র সদর দপ্তরের সকল বিভাগ/অনুবিভাগ/শাখায় ই-ফাইলিং কার্যক্রম চলমান রয়েছে। ই-ফাইলিং কার্যক্রমের গতিশীলতা আনয়নে প্রোগ্রামিং শাখা থেকে নিয়মিত মনিটরিং করা হচ্ছে। বর্তমানে ২৫০-৩০০ টি পত্র ই-নথির মাধ্যমে জারি করা হচ্ছে।</p>	ই-ফাইলিং ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোড এর হার বৃদ্ধিসহ ই-ফাইলে পত্রজারি এবং ই-ফাইলে নথি নিষ্পত্তির লক্ষ্যে পত্র জারির মাধ্যমে উদ্বুদ্ধকরণের ব্যবস্থা নিতে হবে।	ইনোভেশন টিম

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		<p>গ) পল্লী এলাকার নাগরিকগণকে দ্রুততম সময়ে সেবা প্রদানের লক্ষ্যে সদর দপ্তরের সাথে জেলাদপ্তরসমূহকে ই-ফাইলিং কার্যক্রমের আওতায় আনা হয়েছে। জেলাদপ্তরসমূহের ই-ফাইলিং কার্যক্রমে সৃষ্ট সমস্যা নিরূপনে এটুআই এর পাশাপাশি প্রোগ্রামিং শাখা থেকে সমাধান এবং বিভিন্ন দিক-নির্দেশনা প্রদান করা হচ্ছে। ইতোমধ্যে ৬৪ টি জেলার মধ্যে ৬০ টি জেলায় Live কার্যক্রম শুরু হয়েছে।</p> <p>ঘ) জেলা পর্যায়ে এটুআই এর প্রশিক্ষণের পাশাপাশি সম্প্রতি ৬৪ টি জেলাদপ্তরের উপপরিচালক ও তাঁর অধীনস্থ একজন কর্মকর্তা/কর্মচারীসহ ০৪ টি ব্যাচে মোট ১২৮ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।</p> <p>ঙ) ই-ফাইলিং ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোড এর হার বৃদ্ধিসহ ই-ফাইলে পত্রজারি এবং ই-ফাইলে নথি নিষ্পত্তির হার বৃদ্ধির লক্ষ্যে মহাপরিচালক ও পরিচালক (প্রশাসন) মহোদয়ের মাধ্যমে সময়ে সময়ে বিভিন্ন পত্র জারি করা হচ্ছে।</p>		
০৩	ইনোভেশন সংক্রান্ত বিভিন্ন ওয়ার্কশপ/সেমিনার ও প্রশিক্ষণে অংশগ্রহণ।	বার্ড, আরডিএ এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়নে বিভিন্ন ধরনের ওয়ার্কশপ সেমিনার ও ইনোভেশন শোকেসিং এর আয়োজন করা হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	সময়ে সময়ে উল্লিখিত দপ্তর থেকে চাহিদা মোতাবেক ইনোভেশন সংক্রান্ত ওয়ার্কশপ, সেমিনার ও শোকেসিং এ যথাসময়ে মনোনয়ন প্রদানের ব্যবস্থা করতে হবে।	ইনোভেশন টিম

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ হাসানুল ইসলাম এনডিসি
পরিচালক (প্রশাসন)

☎ ৮১৮০০০৮

E-mail: dradmn@brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৪১১.০৬.১৩৭.১৯-

তারিখ: ২২ এপ্রিল/২০১৯ খ্রি:

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):

১. পরিচালক (অর্থ ও হিসাব) বিআরডিবি, ঢাকা।
২. যুগ্মপরিচালক (সিসিএম), বিআরডিবি, ঢাকা।
৩. উপপরিচালক (পরিকল্পনা), বিআরডিবি, ঢাকা।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. সহকারী পরিচালক (পদাবিক), বিআরডিবি, ঢাকা।
৬. পরিচালক (প্রশাসন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।



নাজনীন খানম

উপপরিচালক (প্রোগ্রামিং)